

# ■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৩২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩১]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৩: সবর (ধৈর্যের) বিবরণ

(3) \_ باب الصبر

#### আরবী

وَعَنْ أَنَسٍ رَضِي اللَّهُ عَنْهُ قَالَ: مَرَّ النَّبِيُّ صَلِّى االلهُ عَلَيْهِ وسَلَّم بِامْرَأَةٍ تَبْكِي عِنْدَ قَبْرٍ فَقَالَ: »اتَّقِي االلهواصْبِرِي « فَقَالَتْ: إِلَيْكَ عَنِي ، فَإِنِّكَ لَمْ تُصنب بمُصِيبتى، وَلَمْ تعْرفْهُ ، فَقيلَ لَها: إِنَّه النَّبِيُّ صَلِّى االلهُ عَلَيْهِ وسَلَّم ، فَقيلَ لَها: إِنَّه النَّبِي صَلِّى االلهُ عَلَيْهِ وسَلَّم ، فَقيلَ لَها: إِنَّه النَّبِي صَلِّى االلهُ عَلَيْهِ وسَلَّم ، فَقالَ: » إِنَّماالصَّبْرُ عِنْدَ الصَّدْمَةِ الأولَى « فَلَمْ تَجِد عِنْدَهُ بَوَّابِينَ ، فَقالَ: » تَبْكِي عَلَى صَبِي لَهَا « متفقٌ عليه.وفي رواية لمُسْلمٍ: » تَبْكِي عَلَى صَبِي لَهَا «

#### বাংলা

৭/৩২। আনাস রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি মহিলার পাশ দিয়ে অতিক্রম করলেন। সে একটি কবরের পাশে বসে কাঁদছিল। তিনি বললেন, "তুমি আল্লাহকে ভয় কর এবং ধৈর্য ধারণ কর।" সে বলল, 'আপনি আমার নিকট হতে দূরে সরে যান। কারণ, আমি যে বিপদে পড়েছি আপনি তাতে পড়েননি।' সে তাঁকে চিনতে পারেনি (তাই সে চরম শোকে তাঁকে অসঙ্গত কথা বলে ফেলল)। অতঃপর তাকে বলা হল যে, 'তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছিলেন।' সুতরাং (এ কথা শুনে) সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দুয়ারের কাছে এল। সেখানে সে দারোয়ানদেরকে পেল না। অতঃপর সে (সরাসরি প্রবেশ করে) বলল, 'আমি আপনাকে চিনতে পারিনি।' তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ''আঘাতের শুরুতে সবর করাটাই হল প্রকৃত সবর।''[1]

মুসলিমের একটি বর্ণনায় আছে, সে (মহিলাটি) তার মৃত শিশুর জন্য কাঁদছিল।

## English

(3) Chapter: Patience and Perseverance

Anas (May Allah be pleased with him) reported:

The Prophet (ﷺ) passed by a woman who was crying over a grave and said,



"Fear Allah and be patient." She said, "Away from me! My calamity has not befallen you and you are not aware of it." The woman was later told that it was the Prophet ((\*\*)) (who had advised her). She came to his door where she found no doorkeeper. She said, "(I am sorry) I did not know you." Messenger of Allah ((\*\*)) said, "Patience is (becoming) only at the first (stroke) of grief".

[Al-Bukhari and Muslim].

Another narration in Muslim says: The woman was crying over her son.

Commentary: This Hadith indicates the excellence of the Prophet's character. The woman whom he advised to have patience did not behave properly, but the Prophet (PBUH) was neither annoyed nor did he reproach her. When she appeared before him for the second time, he again repeated his advice for patience. This Hadith has a great lesson for those who call people to the Right Path. Our scholars and preachers should follow this excellent example.

### ফুটনোট

[1] সহীহুল বুখারী ১২৫২, ১২৮৩, ১৩০২, ৭১৫৪, মুসলিম ৯২৬, তিরমিয়ী ৯৮৮, নাসায়ী ১৮৬৯, আবূ দাউদ ৩১২৪, ইবনু মাজাহ ১৫৯৬, আহমাদ ১১৯০৮, ১২০৪৯, ১২৮৬০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন